

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৭০

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৬৭. জানাবাত (বড অপবিত্রতা) হতে গোসল করা

بَابٌ فِي الْغُسْلِ مِنَ الْجَنَابَةِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ حَدَّثَنَا زَائِدَةُ عَنْ سُلَيْمَانَ عَنْ سَالِمِ بْنِ أَبِي الْجَعْدِ عَنْ كُريْبٍ عَنْ ابْنِ عَبَّاسٍ عَنْ مَيْمُونَةَ قَالَتْ وَضَعْتُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاءً فَأَفْرَغَ عَلَى يَدَيْهِ فَبَاسٍ عَنْ مَيْمُونَةَ قَالَتْ وَضَعْتُ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَاءً فَأَفْرَغَ عَلَى يَديْهِ فَجَعَلَ يَغْسِلُ بِهَا فَرْجَهُ فَلَمَّا فَرَغَ مَسَحَهَا بِالْأَرْضِ أَوْ بِحَائِطٍ شَكَّ سُلَيْمَانُ ثُمَّ تَمَضْمَضَ وَاسْتَنْشَقَ فَغَسَلَ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَصَبَبَّ عَلَى رَأْسِهِ وَجَسَدِهِ فَلَمَّا فَرَغَ تَنَحَّى فَغَسَلَ وَجْهَهُ وَذِرَاعَيْهِ وَصَبَبَّ عَلَى رَأْسِهِ وَجَسَدِهِ فَلَمَّا فَرَغَ تَنَحَّى فَغَسَلَ رَجْلَيْهِ فَالَتُ فَسَتَرْتُهُ حَتَّى اغْتَسَلَ قَالَ سُلَيْمَانُ وَجْلَيْهِ وَسَلَّمَ هَذَا كَانَ مِنْ جَنَابَةٍ وَمَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَذَا كَانَ مِنْ جَنَابَةٍ

বাংলা

৭৭০. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাছ্ আনহুমা মাইমুনাহ রাদ্বিয়াল্লাহ আনহা হতে বর্ণনা করেন, তিনি বলেন, আমি একবার নবী সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লামের (জানাবাতের গোসলের) জন্য পানি রাখলাম। (প্রথমে) তিনি তাঁর হাত দু'টিতে পানি ঢাললেন। এরপর (বাম) হাত দিয়ে তাঁর লজ্জাস্থান ধুয়ে ফেললেন। এরপর তিনি (হাতে) পানি ঢাললেন এবং মাটিতে কিংবা দেয়ালে (রাবী সুলাইমানের সন্দেহ) (বাম) হাত ঘষে নিলেন। অতঃপর কুলি করলেন ও নাকে পানি দিলেন। এরপর তাঁর মুখমণ্ডল ও উভয় হাত ধুলেন। এবং এরপর তিনি মাথা ও সারা শরীরে পানি ঢাললেন। যখন তিনি গোসল শেষ করলেন, তখন একটু সরে গিয়ে দু'পা ধুলেন। এরপর আমি তাকে একটি রুমাল দিলাম, তিনি তা নিতে অস্বীকার করলেন এবং হাত দিয়ে পানি ঝাড়তে লাগলেন। তিনি (আরও) বলেন: তিনি যতক্ষণ গোসল করতেন, ততক্ষণ আমি তাঁকে পর্দা করে রাখতাম। (বর্ণনাকারী) সুলাইমান বলেন: (অপর বর্ণনাকারী) সালিম উল্লেখ করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের এ গোসল ছিল জানাবাতের গোসল।[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।



তাখরীজ: সহীহ বুখারী ২৪৯; সহীহ মুসলিম ৩১৭;

আমরা এর পূর্ণ তাখরীজ করেছি মুসনাদুল মাউসিলী নং ৭১০১ ও সহীহ ইবনু হিব্বান নং ১১৯০ এ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন